# সুনান আবূ দাউদ (তাহকিককৃত)

হাদিস নাম্বারঃ ১১৩১

২/ সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ২৪৪. জুম্মার ফরয সালাতের পর সুন্নাত সালাত

باب الصَّلَاةِ بَعْدَ الْجُمُعَةِ

আরবী

حَدَّثَنَا أَحْمَدُ بْنُ يُونُسَ، حَدَّثَنَا زُهَيْرٌ، ح وَحَدَّثَنَا مُحَمَّدُ بْنُ الصَّبَّاحِ الْبَزَّازُ، حَدَّثَنَا إِسْمَاعِيلُ بْنُ زَكَرِيَّا، عَنْ سُهَيْلٍ، عَنْ أَبِيهِ، عَنْ أَبِي هُرَيْرَةَ، قَالَ قَالَ رَسُولُ اللهِ صلى الله عليه وسلم ـ قَالَ ابْنُ الصَّبَّاحِ قَالَ ـ " مَنْ كَانَ مُصَلِّيًا بَعْدَ الْجُمُعَةِ فَلْيُصَلِّ أَرْبَعًا " . وَتَمَّ حَدِيثُهُ وَقَالَ ابْنُ يُونُسَ " إِذَا صَلَّيْتُمُ الْجُمُعَةَ فَصَلُّوا بَعْدَهَا أَرْبَعًا " . قَالَ فَقَالَ لِي أَبِي يَا بُنَىَّ فَإِنْ صَلَّيْتَ فِي الْمَسْجِدِ رَكْعَتَيْنِ ثُمَّ أَتَيْتَ الْمَنْزِلَ أَوِ الْبَيْتَ فَصَلِّ رَكْعَتَيْنِ " .

ـ صحيح : م

বাংলা

১১৩১। আবূ হুরাইরাহ (রাঃ) সূত্রে বর্ণিত। তিনি বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেন, কেউ জুমু’আহর (ফারয) সালাতের পর সালাত আদায় করতে চাইলে সে যেন চার রাক’আত আদায় করে। ইবনু ইউনুসের বর্ণনায় রয়েছে, জুমু’আহর সালাত আদায়ের পরে তোমরা চার রাক’আত সালাত আদায় করবে। তিনি বলেন, আমার পিতা আমাকে বলেছেন, হে বৎস! তুমি মসজিদে দু’ রাক’আত (সুন্নাত) আদায়ের পর গন্তব্যে পৌছলে অথবা বাড়িতে এলে সেখানেও দু’ রাক’আত সালাত আদায় করবে।[1]

সহীহ : মুসলিম।

## English

Abu Hurairah reported the Messenger of Allah (ﷺ) as saying (this is the version of the narrator Ibn al-Sabbah):
If anyone of you prays after the Friday prayer, he should say for rak'ahs.

According to the version of the narrator Ibn Yunus, the tradition goes: When you have offered the Friday prayer, pray after it four rak'ahs. He said: My father said to me: My son, if you have said two rak'ahs in the mosque, then you comes to your house, pray two rak'ahs more.

## ফুটনোট

[1] মুসলিম (অধ্যায় : জুমু‘আহ, অনুঃ জুমু‘আহর পরে সালাত), নাসায়ী (অধ্যায় : জুমু‘আহ, অনুঃ জুমু‘আহর পরে মসজিদে কত রাক‘আত সালাত পড়বে, হাঃ ১৪২৫), তিরমিযী (অধ্যায় : সালাত, অনুঃ জুমু‘আহর পূর্বে ও পরে সালাত, হাঃ ৫২৩, ইমাম তিরমিযী বলেন, এই হাদীসটি হাসান সহীহ), ইবনু মাজাহ (অধ্যায় : সালাত ক্বায়িম, অনুঃ জুমু‘আহর পরে সালাত, হাঃ ১১৩২), আহমাদ (২/২৪৯), ইবনু খুযাইমাহ (হাঃ ১৮৭৩)।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ আল্লামা আলবানী একাডেমী  বর্ণনাকারীঃ আবূ হুরায়রা (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=58449

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন